জনআস্থা ফেরাতে আইনশৃঙ্খলা বাহিনীকে দ্রুত কার্যকর হতে হবে: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, পুলিশসহ সব আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে মানুষের বিশ্বাস পুনর্গঠনের মাধ্যমে দ্রুত প্রত্যাশিত সেবা নিশ্চিত করতে হবে।

বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অধীনস্থ দপ্তর ও সংস্থাগুলোর প্রধানদের সঙ্গে এক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন।

মন্ত্রী উল্লেখ করেন, দীর্ঘ সময় পর একটি গ্রহণযোগ্য নির্বাচনের মধ্য দিয়ে নতুন রাজনৈতিক সরকার দায়িত্ব নিয়েছে। ফলে জনগণের প্রত্যাশা এখন অনেক বেশি। সেই প্রত্যাশা পূরণে নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে দ্রুত পদক্ষেপ নেওয়ার কথা জানান তিনি।

তিনি আরও বলেন, আইনশৃঙ্খলা বাহিনীতে যে গণমুখী ও গণতান্ত্রিক সংস্কার আনার পরিকল্পনা রয়েছে, তার ক্ষেত্রগুলো আগে নির্ধারণ করতে হবে। অগ্রাধিকার ঠিক করেই সংস্কার কার্যক্রম এগিয়ে নিতে হবে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন প্রতিষ্ঠানগুলোকে পুনর্গঠন ও প্রাতিষ্ঠানিক নৈতিকতা জোরদারের ওপরও গুরুত্ব দেন মন্ত্রী। তাঁর ভাষ্য, কাঙ্ক্ষিত পরিবর্তন আনতে প্রয়োজনীয় জনবল নিয়োগ এবং বাজেট বরাদ্দ নিশ্চিত করা জরুরি। অর্থ মন্ত্রণালয়ের সহযোগিতার বিষয়টিও তিনি তুলে ধরেন।

পুলিশ ও অন্যান্য বাহিনীকে সময়োপযোগী ও দক্ষ করে তুলতে একটি সুসংহত পরিকল্পনা প্রণয়নের নির্দেশ দেন তিনি। এ লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরগুলোর প্রধানদের কাছ থেকে সুপারিশ ও প্রস্তাব চাওয়া হয়েছে।

সভায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব (রুটিন দায়িত্ব) মো. দেলোয়ার হোসেন, আইজিপি বাহারুল আলমসহ বিভিন্ন সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।